# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

স্মারক নং- মাউশিবোদি/কলেজ/ভর্তি-বিজ্ঞপ্তি/২০১৭/২৪৮(৫০) তারিখ ঃ ০৭/০৫/২০১৭

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর আওতাধীন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং কলেজ সমূহের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তির নীতিমালা নিম্নরূপ (শিক্ষা মন্ত্রণালয়ের ০৭ মে, ২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-৪৩২ নং স্মারকে জারিকৃত একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০১৭ এর আলোকে) ঃ

১। সংজ্ঞা ঃ এই নীতিমালায়-

১.১ 'বোর্ড' বলতে স্বীকৃত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বুঝাবে।

১.২ কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান বলতে দেশের কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক/ সমমানের স্তরে পাঠদানের জন্য অনুমতিপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানকে বুঝাবে।

১.৩ 'নির্ধারিত ফরম' বলতে ভর্তির জন্য কলেজ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম বুঝাবে।

১.৪ 'শিক্ষার্থী/প্রার্থী' বলতে ছাত্র ও ছাত্রী উভয়কে বুঝাবে।

২। ভর্তির যোগ্যতা ও শাখা নির্বাচন ঃ

২.১ ২০১৫,২০১৬,২০১৭ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪, ২০১৫, ২০১৬ সালে এস. এস. সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণীতে ভর্তির যোগ্য বিবেচিত হবে;

২.২ বিদেশী কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

২.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে, যথাঃ
ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি;
খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং
গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।

৩। প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি ঃ

৩.১ ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এসএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

৩.২ বিভাগীয় এবং জেলা সদরের কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৮৯% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং অবশিষ্ট আসনের মধ্যে ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য, ৩% বিভাগীয় এবং জেলা সদরের বাইরের শিক্ষার্থীদের জন্য, ২% শিক্ষা মন্ত্রণালয় এর অধঃস্তন দপ্তরসমূহ এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারি ও গভর্ণিং বডির সদস্যদের সন্তানদের জন্য, ০.৫% বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বি.কে.এস.পি.) এর জন্য এবং ০.৫% প্রবাসীদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। যদি উপর্যুক্ত কোটায় প্রার্থী না পাওয়া যায় তবে সাধারণ কোটার শিক্ষার্থী ভর্তি করা যাবে। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। শিক্ষা, বি.কে.এস.পি. এবং প্রবাসীদের সন্তান কোটার ক্ষেত্রেও ভর্তির সময় উপযুক্ত প্রমানপত্র দাখিল করতে হবে।

৩.৩ ৩.৩.১ সমান জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর ক্ষেত্রে গ্রেড পয়েন্ট ও প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করতে হবে।

৩.৩.২ বিজ্ঞান গ্রুপে ভর্তির ক্ষেত্রে সমান মোট নম্বর প্রাপ্তদের মেধাক্রম নির্ধারণের ক্ষেত্রে সাধারণ গণিত ও উচ্চতর গণিত/জীববিজ্ঞান প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৩.৩.৩ দফা ৩.৩.২ এর বিধান সত্তেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভুত জটিলতা নিরসন না হয়, তবে পর্যায়ক্রমে ইংরেজি, পদার্থ বিজ্ঞান, রসায়নে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৩.৩.৪ মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর ক্ষেত্রে সমান মোট নম্বর বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৩.৩.৫ এক গ্রুপের প্রার্থী অন্য গ্রুপে ভর্তির ক্ষেত্রে জি.পি.এ একই হলে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। এক্ষেত্রে প্রার্থী বাছাই কল্পে উদ্ভুত জটিলতা নিরসন না হলে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৩.৪ **এ নীতিমালায় যা কিছুই থাকুক না কেন স্কুল এন্ড কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ প্রতিষ্ঠান নির্ধারিত যোগ্যতা থাকা সাপেক্ষে স্ব-স্ব বিভাগে (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। প্রতিষ্ঠানের নিজস্ব শিক্ষার্থীদের স্ব-স্ব বিভাগে ভর্তি নিশ্চিত করেই কেবল অবশিষ্ট শূন্য আসনে প্রযোজ্য ক্ষেত্রে ধারা ৩ এর উপবিধান (৩.২) ও (৩.৩) অনুসরণ করে শিক্ষার্থী ভর্তি করানো যাবে। তবে এ সকল প্রতিষ্ঠানের সকল ভর্তিই অনলাইনে হবে।**

৩.৫ কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ন্যূনতম যোগ্যতা নির্ধারণ করতে পারবে।

৩.৬ কলেজ/সমমানের প্রতিষ্ঠান তাদের ভর্তি সংক্রান্ত সকল তথ্য প্রতিষ্ঠানের ওয়েব সাইটে ও নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে।

৩.৭ সকল কলেজ/উচ্চমাধ্যমিক/সমমানের বিদ্যালয় স্ব-স্ব প্রতিষ্ঠানে মন্ত্রণালয় তথা শিক্ষা বোর্ড কর্তৃক ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ও সময় অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করবে। **কোন প্রতিষ্ঠান মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের বাইরে নিজ ইচ্ছামাফিক ভর্তি কার্যক্রম পরিচালনা করতে পারবে না।**

**৪। অনলাইনে ভর্তি ঃ**

৪.১ শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির জন্য অনলাইনে অথবা টেলিটক মোবাইল এসএমএস এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েব সাইট এর ঠিকানা : **www.xiclassadmission.gov.bd**।

৪.২ অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। এসএমএস এর মাধ্যমে প্রতি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক কলেজ/সমমানের প্রতিষ্ঠানে পর পর পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন এবং এস.এম.এস. উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থী মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

**৫। বিজ্ঞপ্তি, ভর্তি ও ফি ঃ**

৫.১ অনুচ্ছেদ ৮.২ অনুসরণ পূর্বক কলেজ/সমমানের প্রতিষ্ঠানে বোর্ড কর্তৃক নির্ধারিত আসন সংখ্যা (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা, শিফ্‌ট, পুরুষ/মহিলা/সহশিক্ষা, ভার্সন এবং বোর্ডকর্তৃক নির্ধারিত ভর্তি ফিসহ অনুমোদিত অন্যান্য সকল ফি, ভর্তির ন্যূনতম যোগ্যতা ইত্যাদি তথ্য ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ করে প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে প্রকাশ করবে।

৫.২ বোর্ডের পূর্বানুমতি ব্যতীত নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। বোর্ডসমূহ স্ব-স্ব অধিক্ষেত্রে অবস্থিত কলেজ/সমমানের প্রতিষ্ঠানে এই বিধানের ব্যত্যয় রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫.৩ অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের মেধাক্রম তালিকা কলেজের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করবে;

৫.৪ ভর্তির সময় প্রার্থীকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং যে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রার্থী এস. এস. সি বা সমমানের পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র দাখিল করতে হবে।

৫.৫ ৫.৫.১ সেশন চার্জসহ ভর্তি ফি সর্বসাকুল্যে মফস্বল/পৌর (উপজেলা) এলাকায় ১০০০/- (এক হাজার)/পৌর (জেলা সদর) এলাকায় ২০০০/- (দুই হাজার)/ ঢাকা ব্যতিত অন্যান্য মেট্রোপলিটন এলাকায় ৩০০০/- (তিন হাজার) টাকার বেশি হবে না।

৫.৫.২ ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত এমপিওভূক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার অতিরিক্ত অর্থ আদায় করতে পারবে না। ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত আংশিক এমপিওভূক্ত বা এমপিও বহির্ভুত শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন এবং এমপিও বহির্ভুত শিক্ষকদের বেতন-ভাতা প্রদানের জন্য শিক্ষার্থী ভর্তির সময় ভর্তি ফি, সেশন চার্জ ও উন্নয়ন ফিসহ বাংলা মাধ্যমে সর্বোচ্চ ৯,০০০/- (নয় হাজার) টাকা এবং ইংরেজি ভার্সনে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা গ্রহণ করতে পারবে। উন্নয়ন খাতে কোন প্রতিষ্ঠান ৩,০০০/- (তিন হাজার) টাকার বেশি আদায় করতে পারবে না।

৫.৫.৩ সরকারি কলেজসমূহ সরকারি পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ফি সংগ্রহ করবে।

৫.৫.৪ দরিদ্র, মেধাবী ও প্রতিবন্ধী শিক্ষার্থী ভর্তিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উল্লিখিত ফি যতদূর সম্ভব মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫.৬ কোন শিক্ষার্থীর নিকট হতে অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন অর্থ গ্রহণ করা যাবে না এবং অনুমোদিত সকল ফি যথাযথ রশিদ প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে।

৫.৭ **শিক্ষাবোর্ড,** শিক্ষার্থীদের নিকট হতে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করার সময় শিক্ষার্থী প্রতি নিম্নোক্ত ফি গ্রহন করবে

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ০১. | রেজিস্ট্রেশন ফি | ১২০.০০ |
| ০২. | ক্রীড়া ফি | ৩০.০০ |
| ০৩. | রোভার /রেঞ্জার ফি | ১৫.০০ |
| ০৪. | রেড ক্রিসেন্ট ফি(২০ টাকার ৪০%=৮ টাকা) | ৮.০০ |
| ০৫. | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ৭.০০ |
| ০৬. | বি.এন.সি.সি ফি | ৫.০০ |
| ০৭. | সর্বমোট | ১৮৫.০০ |

৫.৮ শিক্ষা প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থীর নিকট থেকে রেড ক্রিসেন্ট ফি বাবদ (২০/- টাকার ৬০%) ১২/- টাকা গ্রহণ করবে;

**৫.৯ প্রতি শিক্ষা প্রতিষ্ঠানকে বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা বোর্ডে প্রেরণ করতে হবে;**

৫.১০ কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে ও বিলম্বে ভর্তি হলে তার নিকট হতে উল্লিখিত ফি-এর অতিরিক্ত নিম্নোক্ত ফি গ্রহণ করতে হবে।

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ০১. | পাঠ বিরতি ফি | ১০০.০০ |
| ০২. | বিলম্ব ভর্তি ফি | ৫০.০০ |
| ০৩. | শাখা/বিষয় পরিবর্তন ফি | ২৫.০০ |

৫.১১ ভর্তিকৃত শিক্ষার্থীদের টট লিষ্ট জমাদানের সময় প্রত্যেক প্রতিষ্ঠানকে বোর্ড কর্তৃক নির্ধারিত উপরোল্লিখিত ফি এর বিবরণীর সাথে প্রতিষ্ঠান কর্তৃক খাত ওয়ারী গৃহীত অন্যান্য ফি'র বিবরণী আলাদাভাবে জমা দিতে হবে।

৫.১২ ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর শাখা/বিষয় পরিবর্তনের সময়ঃ ২০/০৮/২০১৭ থেকে ২৪/০৮/২০১৭। **(আসন খালি ও ন্যুনতম যোগ্যতা থাকা সাপেক্ষে শাখা পরিবর্তন করা যাবে)।**

**৬। ভর্তির আবেদন, ফল প্রকাশ, ক্লাস শুরু, শাখা/বিষয় পরিবর্তনঃ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নবর্ণিত সময়সূচি অনুসরণ করতে হবেঃ**

<table>
<tr><th>ক্রঃ নং</th><th colspan="2">বিষয়</th><th>তারিখ</th></tr>
<tr><td>৬.১.</td><td colspan="2">ভর্তির অনলাইন ও এসএমএস আবেদন গ্রহণ (যারা পূণঃ নিরীক্ষনের জন্য আবেদন করবে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)</td><td>০৯/০৫/২০১৭ থেকে ২৬/০৫/২০১৭</td></tr>
<tr><td>৬.২.</td><td colspan="2">আবেদন যাচাই বাছাই ও আপত্তি নিস্পত্তি</td><td>২৭/০৫/২০১৭ থেকে ২৯/০৫/২০১৭</td></tr>
<tr><td>৬.৩.</td><td colspan="2">শুধুমাত্র পুনঃ নিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ</td><td>৩০/০৫/২০১৭ থেকে ৩১/০৫/২০১৭</td></tr>
<tr><td>৬.৪.</td><td colspan="2">১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ</td><td>০৫/০৬/২০১৭</td></tr>
<tr><td>৬.৫.</td><td colspan="2">শিক্ষার্থীর Selection নিশ্চায়ন</td><td>০৬/০৬/২০১৭ থেকে ০৮/০৬/২০১৭</td></tr>
<tr><td>৬.৬.</td><td colspan="2">মাইগ্রেশনের আবেদন (অপশন প্রদান) ও নতুন আবেদন</td><td>০৯/০৬/২০১৭ থেকে ১০/০৬/২০১৭</td></tr>
<tr><td>৬.৭.</td><td colspan="2">২য় পর্যায়ের ফল প্রকাশ</td><td>১৩/০৬/২০১৭</td></tr>
<tr><td>৬.৮</td><td colspan="2">২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন</td><td>১৪/০৬/২০১৭ থেকে ১৫/০৬/২০১৭</td></tr>
<tr><td>৬.৯</td><td colspan="2">মাইগ্রেশনের আবেদন (অপশন প্রদান) ও নতুন আবেদন</td><td>১৬/০৬/২০১৭ থেকে ১৭/০৬/২০১৭</td></tr>
<tr><td>৬.১০</td><td colspan="2">৩য় পর্যায়ের ফল প্রকাশ</td><td>১৮/০৬/২০১৭</td></tr>
<tr><td>৬.১১</td><td colspan="2">৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন</td><td>১৯/০৬/২০১৭</td></tr>
<tr><td>৬.১২</td><td colspan="2">ভর্তি</td><td>২০/০৬/২০১৭ থেকে ২২/০৬/২০১৭ এবং ২৮/০৬/২০১৭ থেকে ২৯/০৬/২০১৭</td></tr>
<tr><td>৬.১৩</td><td colspan="2">ক্লাস শুরু</td><td>০১/০৭/২০১৭</td></tr>
<tr><td>৬.১৪</td><td colspan="2">কলেজ কর্তৃক রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি সোনালী সেবার মাধ্যমে বোর্ডের নির্ধারিত একাউন্ট নম্বরে ব্যাংকে জমা প্রদান</td><td>০৯/০৭/২০১৭ থেকে ১৩/০৭/২০১৭</td></tr>
<tr><td rowspan="7">৬.১৫</td><td rowspan="7">ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফি জমার ব্যাংক স্লিপ এবং টট লিস্ট বোর্ডে জমা প্রদান (জেলা ওয়ারি)</td><td>রংপুর জেলা</td><td>১৮/০৭/২০১৭</td></tr>
<tr><td>গাইবান্ধা জেলা</td><td>১৯/০৭/২০১৭</td></tr>
<tr><td>কুড়িগ্রাম জেলা</td><td>২০/০৭/২০১৭</td></tr>
<tr><td>নীলফামারী জেলা</td><td>২৩/০৭/২০১৭</td></tr>
<tr><td>দিনাজপুর জেলা</td><td>২৪/০৭/২০১৭</td></tr>
<tr><td>ঠাকুরগাঁও, পঞ্চগড় জেলা</td><td>২৫/০৭/২০১৭</td></tr>
<tr><td>লালমনিরহাট</td><td>২৬/০৭/২০১৭</td></tr>
<tr><td>৬.১৬</td><td colspan="2">শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীর শাখা/বিষয় পরিবর্তনের ফি সোনালী সেবার মাধ্যমে বোর্ডের নির্ধারিত একাউন্ট নম্বরে ব্যাংকে জমা প্রদান</td><td>২৭/০৮/২০১৭ থেকে ২৮/০৮/২০১৭</td></tr>
<tr><td rowspan="2">৬.১৭</td><td rowspan="2">শাখা/বিষয় পরিবর্তনের ফি জমার ব্যাংক স্লিপ এবং টট লিস্ট বোর্ডে জমা প্রদান (জেলা ওয়ারি)</td><td>রংপুর, গাইবান্ধা, নীলফামারী ও কুড়িগ্রাম</td><td>৩০/০৮/২০১৭</td></tr>
<tr><td>দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড় ও লালমনিরহাট</td><td>৩১/০৮/২০১৭</td></tr>
</table>

**বিঃ দ্রঃ নির্ধারিত তারিখের মধ্যে ভর্তির টটলিষ্ট, ভর্তি ফি জমাদানের স্লিপ সহ সকল কাগজ পত্র বোর্ডে জমাদিতে হবে। যে সমস্ত কলেজের স্বীকৃতি নবায়ন ও কমিটির মেয়াদ উত্তীর্ন হয়েছে সে সমস্ত কলেজে স্বীকৃতি নবায়ন/ কমিটি গঠন না করা পর্যন্ত টটলিষ্ট জমা নেয়া হবে না।**

৭। কলেজ/ সমমানের প্রতিষ্ঠান পরিবর্তন ঃ

৭.১ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ছাড়া একাদশ শ্রেণীতে ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করা যাবে না কিংবা বোর্ডের পূর্বানুমতি ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ছাড়পত্রের বরাতে ভর্তি করা যাবে না। তবে শুধুমাত্র সরকারি/ আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীজীবি পিতা বা মাতার বদলীজনিত কারণে কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতি নেয়ার প্রয়োজন হবে না। এরূপক্ষেত্রে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীর বদলীর আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে যোগদানপত্র দেখিয়ে সংশ্লিষ্ট চাকুরীজীবীর সন্তানকে বদলীকৃত কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করা যাবে। এক্ষেত্রে কলেজ/সমমানের প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে এ ধরনের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

৭.২ কোন শিক্ষা প্রতিষ্ঠান কোন অবস্থাতেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র উক্ত শিক্ষার্থী বা তাঁর অভিভাবক ব্যতীত অন্য কোন ব্যক্তি বা শিক্ষা প্রতিষ্ঠানে হস্তান্তর করা যাবে না বা **অন্য কোন অজুহাতে কোন শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট আটক রাখা যাবে না।**

৭.৩ ক) একাদশ শ্রেণীতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র/ছাত্রীর পিতা/মাতা বৈধ অভিভাবকের আবাসস্থল পরিবর্তন হলে এবং অন্যান্য সমস্যা থাকলে প্রামাণ্য কাগজপত্র দাখিল করার শর্তে আগামী ২০১৮ সালের **১ জানুয়ারী হতে ৩১ মার্চ** পর্যন্ত উপযুক্ত প্রতিষ্ঠানে ছাড়পত্র প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।

খ) দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র/ছাত্রীর ক্ষেত্রে ২০১৮ সালের **১ আগষ্ট থেকে ৩১ অক্টোবর** মধ্যে উল্লেখিত কারণে আবাসস্থল পরিবর্তন এবং অন্যান্য সমস্যা থাকলে প্রামাণ্য কাগজপত্র দাখিল করার শর্তে উপযুক্ত প্রতিষ্ঠানে ছাড়পত্র প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।

গ) ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে প্রতিষ্ঠান নির্ধারিত নুন্যতম যোগ্যতা (জিপিএ) অনুসরণ করতে হবে।

ঘ) প্রতিষ্ঠান নির্ধারিত শাখা ভিত্তিক আসন সংখ্যার মধ্যে কেবল মাত্র আসন ফাঁকা থাকা সাপেক্ষে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করা যাবে।

ঙ) বোর্ড কর্তৃক সরবরাহকৃত কলেজ পরিবর্তনের আবেদন পত্রে অধ্যয়নরত কলেজে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর পঠিত বিষয় সমূহের সাথে বদলীকৃত কলেজের পাঠদানের বিষয় সমূহের মিল থাকলে শুধুমাত্র সেক্ষেত্রে অধ্যক্ষ আবেদনপত্রে সুপারিশ ও স্বাক্ষর করবেন। অন্যথায় এর সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে।

৮। অনুমতি বা স্বীকৃতিবিহীন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তি নিষিদ্ধ ঃ

৮.১ পাঠদানের প্রাথমিক অনুমতিবিহীন কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না। এ বিষয়ে সকলকে সতর্ক করা হলো।

**৮.২ পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত অথবা স্বীকৃতিপ্রাপ্ত কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে অননুমোদিত শাখা এবং অননুমোদিত কোন বিষয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।**

৯। কলেজ/সমমানের প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে ফি জমাদানের নিয়মাবলী ঃ

**৯.১ ভর্তিকৃত সকল প্রকার ফি সোনালী সেবার মাধ্যমে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড দিনাজপুর বরাবরে ব্যাংক-এ জমা করতে হবে।**

**১০। ছাত্র/ছাত্রীদের ভর্তির পূর্বে তাদের এস. এস. সি/দাখিল/এস.এস.সি (ভোকেশনাল) পরীক্ষা পাসের মূল প্রশংসাপত্র, ট্রান্সক্রিপ্ট ও অন্যান্য প্রামাণ্য কাগজপত্র অধ্যক্ষগণ অবশ্যই নিজ দায়িত্বে যাচাই করে নেবেন।**

**১১। টট লিষ্টের সঙ্গে প্রতিষ্ঠানের নিম্নে বর্ণিত তথ্যাদির একটি তালিকা প্রণয়ন করে বোর্ডে জমা দিতে হবে (বোর্ড প্রদত্ত প্রামাণ্য কাগজপত্রের সত্যায়িত ফটোকপি সংযোজন করতে হবে)।**

ক) প্রাথমিক অনুমতির তারিখ, স্মারক নং ও শিক্ষাবর্ষ ঃ

খ) স্বীকৃতির তারিখ, স্মারক নং ও সময়সীমা ঃ

গ) হালনাগাদ স্বীকৃতির মেয়াদ, স্মারক নং ও তারিখ ঃ

ঘ) সর্বশেষ কমিটির মেয়াদ, স্মারক নং ও তারিখ ঃ

ঙ) বোর্ড কর্তৃক অনুমোদিত শাখা ও শাখাওয়ারী বিষয় সমূহ ঃ

**১২। টট লিষ্ট (ভর্তি তালিকা) এর নির্ধারিত ছকঃ (অবশ্যই কম্পিউটার মাধ্যমে পূরণ করতে হবে)।**

| ক্রঃ নং | ছাত্র/ছাত্রীর নাম এবং পিতা ও মাতার নাম | ভর্তির তারিখ ও শ্রেণী রোল নম্বর | এস. এস. সি/সমমান পরীক্ষার রেজিঃ নং ও শিক্ষাবর্ষ | এস. এস. সি/সমমান পরীক্ষার রোল নং পরীক্ষার পাসের সন ও বোর্ডের নাম | বোর্ড কর্তৃক অনুমোদিত পঠিতব্য বিষয়সমূহ (বিষয় কোডসহ) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

১৩। ছাত্র/ছাত্রীর নামের তালিকায় (টট লিষ্ট) মুখপত্রে (Forwarding) পৃথক ভাবে পৃথক শাখা ওয়ারী ছাত্র/ছাত্রীর সংখ্যাসহ মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা উল্লেখ করতে হবে।

১৪। একাদশ শ্রেণীতে ভর্তির সময় ছাত্র/ছাত্রীদের এস. এস. সি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র কলেজ কর্তৃপক্ষকে জমা দিতে হবে। বোর্ডের পূর্বানুমতি ছাড়া ছাত্র/ছাত্রীদেরকে কোন অবস্থাতেই নম্বরপত্র/মূল ট্রান্সক্রিপ্ট ফেরত দেয়া যাবে না। কলেজ কর্তৃপক্ষ জমাকৃত মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র স্ব-স্ব কলেজে জমা রাখবেন। বোর্ড চাহিবা মাত্র মূল কাগজপত্র জমা দিতে হবে।

১৫। মূল ট্রান্সক্রিপ্টের ফটোকপি দেখিয়ে কোন ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবেনা। অনুরূপ কারণে ছাত্র/ছাত্রী একাধিক কলেজে ভর্তি হয়ে থাকলে, যে কলেজ মূল ট্রান্সক্রিপ্ট দেখাতে পারবে না সেই কলেজটির বিরুদ্ধে অইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

১৬। নীতিমালার প্রবর্তন ও প্রয়োগ ঃ

১৬.১ অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল সরকারি ও বেসরকারি কলেজ/ সমমানের প্রতিষ্ঠানে ২০১৭-২০১৮ শিক্ষা বর্ষে একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

১৬.২ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এই নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারী কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ কলেজটির এমপিওভূক্তি বাতিল করা হবে এবং সরকারী কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ সমূহ

চেয়ারম্যানের নির্দেশক্রমে

(মোঃ ফারাজ উদ্দিন তালুকদার)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোন নং ঃ ০৫৩১-৫১৮৮২ (অফিস)

০৭/০৫/২০১৭

**স্মারক নং- মাউশিবোদি/কলেজ/ভর্তি-বিজ্ঞপ্তি/২০১৭/২৪৮(৫০)** **তারিখ ঃ ০৭/০৫/২০১৭**

**অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ-**

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/দিনাজপুর/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরী শিক্ষা বোর্ড।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/দিনাজপুর/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরী শিক্ষা বোর্ড।
৬। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরী শিক্ষা বোর্ড।
৭। অফিসার (সকল)........................................................ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড দিনাজপুর।
৮। সিস্টেম এনালিষ্ট, দিনাজপুর শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
০৯। অফিস কপি।

০৭/০৫/১৭

(মোঃ আব্দুল মান্নান)
সহকারী কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোন নং ঃ ০৫৩১-৫১৯৭৪ (অফিস)

০৭/০৫/২০১৭

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

কলেজ ভর্তি সংক্রান্ত হিসাব 'ছক'

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত হিসাব বিবরণীঃ

কলেজের নামঃ ............................................................................................ কলেজ কোড নং- ...................... EIIN: ...........................

ডাকঘরঃ ...................................................... উপজেলা ঃ ........................................... জেলাঃ .........................................................

| বিজ্ঞান | | | মানবিক | | | বানিজ্য | | | মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা (১+২+৩) | | ভর্তিকৃত সর্ব মোট সংখ্যা (৪নং হতে) | রেজিষ্ট্রেশন ফিস ছাত্র-ছাত্রী প্রতি | ক্রীড়া ফি ছাত্র-ছাত্রী প্রতি | রোভার/ রেঞ্জার ফি ছাত্র-ছাত্রী প্রতি | রেড ক্রিসেন্ট ফি ছাত্র/ছাত্রী প্রতি | বিজ্ঞান ও প্রযুক্তি ফি ছাত্র/ছাত্রী প্রতি | বি.এন.সি.সি ফি ছাত্র/ছাত্রী প্রতি | ছাত্র/ছাত্রী প্রতি মোট টাকা | কলেজ প্রতি বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি | পাঠ বিরতি ফি ছাত্র/ছাত্রী প্রতি | বিলম্ব ভর্তি ফি ছাত্র/ছাত্রী উভয় প্রতি | শাখা/বিষয় পরিবর্তন ফি | মোট টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | ২ | | | ৩ | | | ৪ | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ছাত্র | ছাত্রী | মোট | ছাত্র | ছাত্রী | মোট | ছাত্র | ছাত্রী | মোট | মোট ছাত্র | মোট ছাত্রী | | ১২০/- | ৩০/- | ১৫/- | ৮/- | ০৭/- | ০৫ | ১৮৫ | ২০০/- | ১০০/- | ৫০/- | ২৫/- | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

বোর্ডে প্রদেয় সকল প্রকার ফি সোনালী সেবার মাধ্যমে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর অনুকূলে ব্যাংক-এ জমা করতে হবে। পূরনকৃত হিসাব বিবরনী টটলিষ্ট এবং ফি জমা দানের ব্যাংক স্লিপ ও প্রয়োজনীয় কাগজ পত্র সমুহ অত্র বোর্ডের কলেজ শাখার জমা কাউন্টারে জমা দিতে হবে।

**অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল**